# হাদীস সম্ভার

## হাদিস নাম্বারঃ ৩১৮৭

২৭/ আদব

পরিচ্ছেদঃ সফরকারীকে উপদেশ দেওয়া, বিদায় দেওয়ার দু‘আ পড়া ও তার কাছে নেক দু‘আর নিবেদন ইত্যাদি

আরবী

وَعَن أَبي سُلَيمانَ مَالِك بنِ الحُوَيْرِث قَالَ : أَتَيْنَا رَسُوْلَ اللهِ ﷺ وَنَحْنُ شَبَبَةٌ مُتَقَارِبُونَ، فَأقَمْنَا عِنْدَهُ عِشْرِينَ لَيْلَةً وكَانَ رَسُوْلُ اللهِ ﷺ رَحِيماً رَفِيقاً فَظَنَّ أنَّا قَد اشْتَقْنَا أهْلَنَا فَسألَنَا عَمَّنْ تَركْنَا مِنْ أهْلِنَا فَأخْبَرْنَاهُ فَقَالَ ارْجِعُوا إِلَى أهْلِيكُمْ فَأَقِيمُوا فِيهِمْ وَعَلِّمُوهُم وَمُرُوهُمْ وَصَلُّوا صَلاَةَ كَذَا فِي حِيْنِ كَذَا وَصَلُّوا كَذَا فِي حِيْنِ كَذَا فَإِذَا حَضَرَتِ الصَّلاَةُ فَلْيُؤَذِّنْ لَكُمْ أحَدُكُمْ وَلْيَؤُمَّكُمْ أكبَرُكُمْ متفقٌ عَلَيْهِ زاد البخاري في رواية لَهُ وَصَلُّوا كَمَا رَأيْتُمُونِي أُصَلِّي

বাংলা

(৩১৮৭) আবূ সুলায়মান মালিক ইবনে হুওয়াইরিস (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আমরা প্রায় সমবয়স্ক কতিপয় নব যুবক রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বিশ দিন অবস্থান করলাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অত্যন্ত দয়ালু ও স্নেহপরবশ ছিলেন। তাই তিনি ধারণা করলেন যে, আমরা আমাদের পরিবারের কাছে ফিরে যাবার জন্য উদ্গ্রীব হয়ে উঠেছি। সেহেতু তিনি আমাদেরকে প্রশ্ন করলেন যে, আমরা আমাদের পরিবারে কাকে ছেড়ে এসেছি? সুতরাং আমরা তাঁকে জানালে তিনি বললেন, ’’তোমরা তোমাদের পরিবারের কাছে ফিরে যাও এবং তাদের মাঝেই বসবাস কর। তাদেরকে শিক্ষা দান কর এবং তাদেরকে (ভাল কাজের) আদেশ দাও। অমুক নামায অমুক সময়ে পড়। অমুক নামায অমুক সময়ে পড়। সুতরাং যখন নামাযের সময় হবে, তখন তোমাদের মধ্যে কেউ একজন আযান দেবে এবং তোমাদের মধ্যে যে বড় সে ইমামতি করবে। (বুখারী ৬৩১, মুসলিম ১৫৬৭)

বুখারীর বর্ণনায় এরূপ বাড়তিভাবে আছে যে, আমাকে তোমরা যেভাবে নামায পড়তে দেখেছ, ঠিক সেইভাবেই নামায পড়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ মালিক ইবনু হুয়াইরিস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=66935

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন